# ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া-ঝিনাইদহ

**২০১২-২০১৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান)**

**শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য**

## *ভর্তি নির্দেশিকা*

**ভূমিকা ঃ**

আধুনিক শিক্ষার পাশাপাশি ইসলামী শিক্ষার উচ্চতর বিদ্যাপীঠ ইসলামী বিশ্ববিদ্যালয়ে বর্তমানে পাঁচটি অনুষদ রয়েছে: ধর্মতত্ত্ব ও ইসলামিক স্টাডিজ অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন ও শরীয়াহ অনুষদ,ব্যবসায় প্রশাসন অনুষদ এবং ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ। ভবিষ্যতে অন্যান্য অনুষদ ও বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে। ধর্মতত্ত্ব, ইসলামী শিক্ষা, তুলনামূলক আইন, বিজ্ঞান এবং অনুরূপ অন্যান্য শিক্ষণ শাখাসমূহে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জ্ঞান বিকাশ ও উন্নয়নের ক্ষেত্রে গবেষণা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করাই ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য।

## ১। ভর্তি পরীক্ষার তথ্যাবলী ঃ

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ৫ (পাঁচ) টি অনুষদের ২২ (বাইশ) টি বিভাগের ভর্তি পরীক্ষা মোট ৮ (আট) টি ইউনিটের (যথাক্রমে A,B,C,D,E,F,G,H) মাধ্যমে অনুষ্ঠিত হবে। ইউনিট কোড, ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা নিম্নরূপঃ

| ইউনিটের নাম/কোড | ইউনিটভূক্ত বিভাগের নাম | আসন সংখ্যা |
|---|---|---|
| **A** | (১) আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| | (২) দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| | (৩) আল-হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ | ৮০ |
| **B** | (১) বাংলা | ৮০ |
| | (২) ইংরেজী | ১০০ |
| | (৩) আরবী ভাষা ও সাহিত্য | ৮০ |
| | (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৮০ |
| **C** | (১) অর্থনীতি | ৭৫ |
| | (২) রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন | ৭৫ |
| **D** | (১) ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি | ৪৫ |
| | (২) বায়োটেকনোলজি এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | ৪৫ |
| | (৩) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি | ৪৫ |
| **E** | (১) ফলিত পদার্থবিজ্ঞান, ইলেক্ট্রনিক্স এণ্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৪৫ |
| | (২) কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং | ৪৫ |
| | (৩) ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৪৫ |
| **F** | (১) গণিত | ৫০ |
| | (২) পরিসংখ্যান | ৫০ |
| **G** | (১) হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি | ৭৫ |
| | (২) ব্যবস্থাপনা | ৭৫ |
| | (৩) ফিন্যান্স এণ্ড ব্যাংকিং | ৭৫ |
| **H** | (১) আইন ও মুসলিম বিধান | ৮০ |
| | (২) আল-ফিক্হ | ৬০ |

## ২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ

যে সকল ছাত্র-ছাত্রী ২০০৬ সন বা তৎপরবর্তীতে মাধ্যমিক/সমমান এবং ২০১১ বা ২০১২ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং নিম্নবর্ণিত যোগ্যতা থাকবে কেবলমাত্র তারাই উপরোক্ত ইউনিট সমূহে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।

| |
|---|
| **A ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। |
| **B ও C ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। |
| **D, E ও F ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ হতে হবে এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.৫০(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.৫০পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'বি' পেয়েছে |
| G **ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক ও বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.৫০(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.২৫পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। |
| **H ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫(৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। |

## ৩। আবেদনকারীদের বিশেষ জ্ঞাতব্য বিষয়সমূহ ঃ

(ক) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছু আবেদনকারীকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd ও www.iubd.net -এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে মোবাইল অপরেটর টেলিটক-এ SMS করে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে হবে। ১০ সেপ্টেম্বর ২০১২ (৯ সেপ্টেম্বর দিবাগত রাত ১২টা ০১ মিঃ) থেকে ১৫ অক্টোবর-২০১২ (রাত ১২টা ০ মিঃ) পর্যন্ত আবেদন করা যাবে। একজন আবেদনকারী একটি ইউনিটের জন্য শুধুমাত্র ১(এক)টি আবেদন করতে পারবে। তবে যোগ্যতা থাকলে একাধিক ইউনিটে আবেদন করতে পারবে।

(খ) প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি সার্ভিস চার্জসহ ৩৫০/= (তিনশত পঞ্চাশ) টাকা।

(গ) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময় ১৭ থেকে ২১ নভেম্বর ২০১২। ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ও বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

## ৪। SMS -এর মাধ্যমে আবেদনের পদ্ধতিঃ

(ক) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে IU লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষা বোর্ডের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সন, স্পেস দিয়ে SSC শিক্ষা বোর্ডের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সন লিখে স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কোডটি লিখে 16222 নম্বরে **SMS** পাঠাতে হবে।

**উদাহরণঃ** IU JES 612582 2012 JES 446568 2010 G । উদাহরণটি যশোর বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের G ইউনিটের জন্য প্রযোজ্য।

এখানে 612582 এবং 446568 এর স্থলে আবেদনকারীকে তার নিজের যথাক্রমে HSC ও SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে। শিক্ষার্থী 2011 সালে HSC পাশ করে থাকলে 2012 এর স্থলে 2011 লিখবে।

**বোর্ডসমূহের ইংরেজী নামে প্রথম তিনটি অক্ষর নিম্নরূপঃ**

(১) বরিশাল BAR, চট্টগ্রাম CHI, কুমিলা COM, ঢাকা DHA, দিনাজপুর DIN, যশোর JES, মাদ্রাসা MAD, রাজশাহী RAJ, সিলেট SYL.

(২) কারিগরি শিক্ষা বোর্ডের ক্ষেত্রে বোর্ডের নামের স্থলে ডিপোমা-ইন-কমার্স এর জন্য DIC, বিজনেস ম্যানেজমেন্ট এর জন্য HBM, এবং অন্যান্যদের জন্য VOC লিখে উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।

(খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, আবেদন ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে IU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে টেলিটক প্রদত্ত PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটরের) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে পাঠাতে হবে।

উদাহরণঃ IU YES 87654321 **01XXXXXXXXX** । এখানে 87654321 এর স্থলে টেলিটক প্রদত্ত PIN নম্বরটি এবং **01XXXXXXXXX**-এর স্থলে আবেদনকারীর নিজের মোবাইল নম্বর দিতে হবে। উলেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে। SMS পাঠানোর সময় আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকতে হবে। আবেদনকারীকে তাৎক্ষনিকভাবে SMS এর মাধ্যমে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

(গ) O এবং A লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে IU লিখে, স্পেস দিয়ে GCE লিখে, স্পেস দিয়ে A লেভেলের Candidate নম্বর লিখে, স্পেস দিয়ে A লেভেল পাসের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিট কোড লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ IU GCE 345678 2010 B. এখানে 345678 স্থলে আবেদনকারীর নিজ Candidate নম্বরটি বসাতে হবে।

উদাহরণঃ IU YES 87654321 **01XXXXXXXXX** । এখানে 87654321 এর স্থলে টেলিটক প্রদত্ত PIN নম্বরটি এবং **01XXXXXXXXX** -এর স্থলে আবেদনকারীর নিজের মোবাইল নম্বর দিতে হবে। উলেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে। SMS পাঠানোর সময় আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকতে হবে। আবেদনকারীকে তাৎক্ষনিকভাবে SMS এর মাধ্যমে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

(ঘ) **প্রবেশ পত্র**

সফলভাবে আবেদনকৃত ছাত্র-ছাত্রীদেরকে ২১-১০-২০১২ইং তারিখের পর থেকে ওয়েবসাইট http://iu.teletalk.com.bd -এ লগ ইন করে Admit Card ডাউনলোড করে নিতে হবে। Admit Card ডাউনলোড করতে ছাত্র-ছাত্রীদের সদ্যতোলা ১(এক) কপি ছবি (300X300 pixel এবং 100kb) আপলোড করতে হবে।

(ঙ) **পরীক্ষা হলে যা আনতে হবেঃ**

(i) http://iu.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রের ২(দুই) কপি । উভয় কপি ভর্তি পরীক্ষার কক্ষে দায়িত্ব প্রাপ্ত পরিদর্শক সত্যায়িত করবেন।

(ii) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র প্রত্যেকটির ২(দুই) কপি (ফটোকপি ৮০ গ্রাম A4সাইজের অফসেট কাগজে)।

(iii) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ২(দুই)টির প্রত্যেকটির উপরে সাদা জায়গায় প্রবেশপত্রে ডাউনলোডের জন্য ব্যবহৃত হুবহু ছবির ১(এক) কপি গাম দ্বারা সংযুক্ত থাকতে হবে।

(iv) উপরিউক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার প্রবেশপত্রসহ রেজিস্ট্রেশন কার্ডের একসেট ইউনিট সংরক্ষন করবে। অপর সেটটি পরীক্ষার্থী সংরক্ষন করবে।

**বিঃদ্রঃ** (১) কেবল বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরপত্রে (Academic Transcript) উল্লিখিত মোট GPA বিবেচিত হবে।

(২) আবেদনকারী তার SSC ও HSC পরীক্ষার ফলাফলে নাম সংক্রান্ত কোন সমস্যার কারণে SMS এর মাধ্যমে আবেদন করতে ব্যর্থ হলে তাকে সংশিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নাম সংক্রান্ত সমস্যা সমাধান করে ভর্তির জন্য আবেদন করতে হবে। নাম সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয়টি ইসলামী বিশ্ববিদ্যালয় বা টেলিটক কর্তৃপক্ষের এখতিয়ার বহির্ভূত।

(৩) একটি টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে এক/একাধিক আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে। তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটরের) একটি মোবাইল নম্বর দিতে হবে।

(৪) নির্ধারিত সময়ের মধ্যে যে কোন দিন, যে কোন সময় SMS-এর মাধ্যমে আবেদন করা যাবে।

(৫) সম্মতি জানিয়ে ভর্তির আবেদন সংক্রান্ত SMS পাঠালে আর তা প্রত্যাহার করা যাবে না।

## ৫। ভর্তি পরীক্ষার নম্বর নির্ধারণ ঃ

ভর্তি পরীক্ষার মান হবে ১২০ (একশত বিশ) নম্বর। লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ ৮০ নম্বর)-এর সাথে পরীক্ষার্থীর এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA (সর্বোচ্চ ৫+৫=১০ নম্বর)কে ৪(চার) দিয়ে গুন করে প্রাপ্ত নম্বর সর্বাধিক (২০+২০=৪০) নম্বর যোগ করে মেধা তালিকা তৈরী করা হবে। উল্লেখ্য, MCQ পদ্ধতিতে গৃহীত লিখিত পরীক্ষার উত্তরপত্র OMR-এর সাহায্যে মূল্যায়ন করা হবে।

## ৬। ইউনিটভুক্ত বিভাগসমূহের আরোপিত শর্ত ঃ

| ইউনিটের নাম | ইউনিটভূক্ত বিভাগের নাম | বিভাগকর্তৃক আরোপিত শর্ত |
|---|---|---|
| **A** | (১) আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ<br>(২) দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ<br>(৩) আল-হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ | নম্বর বিন্যাস নিম্নরূপ ঃ<br>১। আরবী .......................২০ নম্বর<br>২। আল-কুরআন ..............১৫ নম্বর<br>৩। আল-হাদীস ................১৫ নম্বর<br>৪। ইসলামী শিক্ষা .............১০ নম্বর<br>৫। আল-ফিক্হ ................০৫ নম্বর<br>৬। ইসলামের ইতিহাস ..........০৫ নম্বর<br>৭। বাংলা/ইংরেজী ...............০৫ নম্বর<br>৮। সাধারণ জ্ঞান................০৫ নম্বর |
| **B** | (১) বাংলা<br>(২) ইংরেজী<br>(৩) আরবী ভাষা ও সাহিত্য<br>(৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | নম্বর বিন্যাস নিম্নরূপ ঃ<br>১। বাংলা .................. ৩০ নম্বর<br>২। ইংরেজী .................৩০ নম্বর<br>৩। সাধারণজ্ঞান .............২০ নম্বর<br>(ক) বাংলা বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বাংলা বিষয়ে ৩০ নম্বরের মধ্যে ১৮ নম্বর পেতে হবে।<br>(খ) ইংরেজী বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় লিখিত ইংরেজী বিষয়ে ৩০ নম্বরের মধ্যে নূন্যতম ১৮ নম্বর |

| | | |
|---|---|---|
| | | (গ) আরবী ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মাধ্যমিক/দাখিল(সমমান) ও উচ্চমাধ্যমিক/আলিম(সমমান) উভয় ক্ষেত্রে আরবী ব্যাকগ্রাউন্ড থাকতে হবে।<br>(ঙ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ইংরেজী বিষয়ে ৩০ নম্বরের মধ্যে ১৩ নম্বর পেতে হবে। |
| **C** | (১) অর্থনীতি<br>(২) রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>(১) ইংরেজী ...............৩০ নম্বর<br>(২) সাধারণজ্ঞান ..........৩০ নম্বর<br>(৩) বাংলা ................. ২০ নম্বর<br>ইংরেজীতে ন্যূনতম কোয়ালিফাইং মার্ক ১২(বার)।<br>প্রশ্ন উচ্চমাধ্যমিক মানের হবে। সাধারণ জ্ঞানের ক্ষেত্রে অর্থনীতি, পৌরনীতি ও মাধ্যমিক পর্যায়ের গণিত এবং সমসাময়িক ঘটনাবলির উপর গুরুত্ব দেওয়া হবে। |
| **D** | (১) ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি<br>(২) বায়োটেকনোলজি এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং<br>(৩) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>ক) রসায়ন (৩০ টি প্রশ্ন) ........................৩০ নম্বর<br>খ) জীব বিজ্ঞান/গণিত(৩০টি প্রশ্ন) .......... ৩০ নম্বর<br>গ) পদার্থ বিজ্ঞান (১০টি প্রশ্ন).....১০নম্বর<br>ঘ) ইংরেজী (১০টি প্রশ্ন).......... ১০নম্বর<br>১) ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে ভর্তির জন্য অবশ্যই উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত থাকতে হবে।<br>২) বায়োটেকনোলজি এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অবশ্যই জীব বিজ্ঞান থাকতে হবে। বায়োটেকনোলজী এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য জীব বিজ্ঞানে ৩০ নম্বরের মধ্যে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে। |
| **E** | ১) ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেক্ট্রনিক্স এণ্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং<br>২) কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং<br>৩) ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>ক) পদার্থবিদ্যা ................৪০ নম্বর<br>খ) গণিত .........................৪০ নম্বর<br>কৃতকার্য হওয়ার জন্য প্রত্যেক বিষয়ে ন্যূনতম ১৪ নম্বর পেতে হবে। |
| **F** | ১) গণিত<br>২) পরিসংখ্যান | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>ক) গণিত.........................৬০ নম্বর<br>খ) ইংরেজী .....................২০ নম্বর<br>কৃতকার্য হওয়ার জন্য গণিত বিষয়ে ন্যূনতম ২৪ নম্বর এবং ইংরেজীতে ৫ নম্বর পেতে হবে। |
| **G** | ১) হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি<br>২) ব্যবস্থাপনা<br>৩) ফিন্যান্স এণ্ড ব্যাংকিং | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>১। ইংরেজী ৩০ নম্বর (বাধ্যতামূলক)সকল ধারার জন্য ।<br>২। ক) বাণিজ্য ধারা হতে আগতদের জন্য<br>১) ব্যবসায় শিক্ষা..............২৫নম্বর<br>২) হিসাব বিজ্ঞান ..............২৫নম্বর<br>খ) অন্যান্য ধারা হতে আগতদের জন্য<br>১) সাধারণ গনিত ................২৫ নম্বর<br>২) সাধারণজ্ঞান ও বুদ্ধিমত্যা... ২৫ নম্বর<br>কৃতকার্য হওয়ার জন্য সকল শাখার ছাত্র-ছাত্রীকে ইংরেজী বিষয়ে কমপক্ষে ১০ নম্বর পেতে হবে। |

| | | |
|---|---|---|
| **H** | ১। আইন ও মুসলিম বিধান<br>২। আল-ফিক্‌হ | নম্বর বিন্যাস নিম্নরূপঃ<br>ক) বাংলা .........................৩০ নম্বর<br>খ) ইংরেজী .......................৩০ নম্বর<br>গ) সাধারণজ্ঞান/আল-ফিক্‌হ....২০ নম্বর<br>(১) আইন ও মুসলিম বিধান বিভাগে ভর্তির জন্য ইংরেজী বিষয়ে ৩০ নম্বরের মধ্যে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।<br>(২) আল-ফিক্‌হ বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে অবশ্যই আল-ফিক্‌হ বিষয়ে উত্তর দিতে হবে। |

## ৭। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য ঃ

(ক) ভর্তি পরীক্ষার সময়কাল হবে ১ (এক) ঘন্টা।

(খ) লিখিত পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর হবে ৪০% অর্থাৎ ৩২।

(গ) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র উচ্চমাধ্যমিক/সমমান পর্যায়ের পাঠ্যক্রমের ভিত্তিতে প্রণয়ন করা হবে।

(ঘ) ভর্তি পরীক্ষার স্থান, আসন বিন্যাস ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd ও www.iubd.net -এ অথবা সংশ্লিষ্ট ইউনিটের অফিস থেকে প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

(ঙ) ভর্তি পরীক্ষার উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার হলে সরবরাহ করবে।

(চ) ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর স্ব-স্ব ইউনিট মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে ভর্তিতব্য বিভাগ নির্ধারণ করবে।

(ছ) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের শেষ তারিখ ১০ ডিসেম্বর' ২০১২।

(জ) মেধা ও অপেক্ষমান মেধা তালিকা এবং বিশেষ কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি কার্যক্রম ১১ ডিসেম্বর' ২০১২ থেকে ১৯ জানুয়ারী'২০১৩ -এর মধ্যে সম্পন্ন করা হবে।

(ঝ) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরুর তারিখ ৩১ জানুয়ারী'২০১৩।

## ৮। বিশেষ কোটায় আবেদনকারীদের জ্ঞাতব্য বিষয় ঃ

বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী ব্যক্তি, খেলোয়াড় ও পোষ্য) ভর্তি প্রার্থীদেরকে সংশিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের শেষ দিন থেকে ৭(সাত) দিনের মধ্যে (১১-১২-২০১২ থেকে ১৮-১২-২০১২ ইং তারিখের মধ্যে) বিশেষ কোটার জন্য নির্ধারিত ফি ১০০/=(একশত) টাকা অগ্রণী ব্যাংক, ইবি শাখায় জমাদান সাপেক্ষে ব্যাংক থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে। উক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণকরতঃ যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক তার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি ও ভর্তি পরীক্ষার ইউনিট কর্তৃক প্রদত্ত প্রাপ্ত নম্বরের সনদসহ উক্ত সময়সীমার (১১-১২-২০১২ থেকে ১৮-১২-২০১২ ইং তারিখের) মধ্যে (অফিস চলাকালীন সময়ে) বিশ্ববিদ্যালয়ের সংশিষ্ট কোটার জন্য গঠিত উপ-কমিটির আহবায়কের অফিসে(নির্দেশ মোতাবেক) জমা দিতে হবে।

## ৯। বিশেষ কোটায় ভর্তির যোগ্যতা ও আসন নির্ধারণ ঃ

(ক) বিশেষ কোটায় মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা সরকারী সিদ্ধান্ত অনুযায়ী মোট আসন সংখ্যার ৫%, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী ১০ জন, প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে ১৫ জন, খেলোয়াড় হিসেবে ১০ জন, পোষ্য হিসেবে শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী (পোষ্য কোটায় ভর্তির জন্য প্রয়োজন অনুযায়ী সংখ্যা নির্ধারিতব্য) আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে। বিশেষ কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিট ও বিভাগীয় শর্ত পূরণ করতে হবে।

(খ) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী ব্যক্তি ও খেলোয়াড়) ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর পেলে ও বিভাগীয় শর্ত পূরণ করলে এবং সংশ্লিষ্ট নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত হলে বিভাগের জন্য সংরক্ষিত আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে।

(গ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্য (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ভর্তির ক্ষেত্রে ন্যূনতম পাশ নম্বর পেলে ও বিভাগীয় শর্ত পূরণ করলে উপাচার্য মহোদয়ের অনুমতিক্রমে বিভাগের জন্য সংরক্ষিত আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে।

(ঘ) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা) ভর্তি হতে হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক/মূল সনদপত্র/ প্রত্যয়ন পত্র সহ আবেদন করতে হবে। তবে, প্রত্যয়নপত্র প্রদানকারী ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক/মূল সনদপত্র জমা দিতে হবে। এ ছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সদনপত্র থাকলে আবেদন করতে পারবে।

(ঙ) বিশেষ কোটায় (উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী) ভর্তি হতে উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, হিসেবে স্বীকৃত গোত্র প্রধান (যেমন- চাকমা/মং/বোমাং রাজা ইত্যাদি) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক কোন্ উপজাতিভূক্ত তার সপক্ষে সনদ আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) খেলোয়াড় হিসেবে বিশেষ কোটায় ভর্তি হতে হলে বাংলাদেশ জাতীয় দল ও যে কোন বয়স ভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রার্থী অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি) কর্তৃক সনদ প্রাপ্ত প্রার্থীদের আবেদনের সাথে সনদ দাখিল করতে হবে।

(ছ) বিশেষ কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে বিশেষ কোটার আবেদনের জন্য অনুচ্ছেদ ৮ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

(জ) বিশেষ কোটায় ভর্তির জন্য প্রাথীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিটের শর্ত পূরণ করতে হবে।

## ১০। মেধাক্রম নির্ধারণ ও ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি ঃ

ভর্তির জন্য গৃহীত লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা ও অপেক্ষমান তালিকা তৈরী করে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও প্রাপ্ত মোট নম্বর উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd ও www.iubd.net -এ প্রচার করা হবে। একাধিক প্রার্থী একই নম্বর পেলে সে ক্ষেত্রে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় বেশী নম্বর প্রাপ্ত প্রার্থী অগ্রাধিকার পাবে এবং এ ক্ষেত্রেও সমান নম্বর/গ্রেড হলে অগ্রাধিকারের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট কমিটিই সিদ্ধান্ত নিবে। বিশেষ কোটায় নির্বাচিত প্রার্থীদের ফলাফল সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রকাশ করা হবে।

## ১১। শিক্ষার মাধ্যম ঃ

অধীত বিষয় অনুযায়ী শিক্ষার মাধ্যম বাংলা/ইংরেজী/আরবী হবে।

## ১২। আবাসিক অবস্থা ঃ

আবাসিক এবং অনাবাসিক দু'ভাবেই ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। প্রয়োজনীয় সীট সংখ্যা প্রাপ্যতা সাপেক্ষে এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নীতিমালার ভিত্তিতে আবাসিক হলসমূহে ছাত্র-ছাত্রীদের সীট বরাদ্দ করা হবে।

## ১৩। ভর্তি ও আনুষঙ্গিক ফি জমাদান পদ্ধতি ঃ

(ক) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তির মূল আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে।

(খ) নির্বাচিত ছাত্র-ছাত্রীদের নিজ হাতে মূল ভর্তি ফরম পূরণ করে ভর্তির প্রয়োজনীয় সনদ পত্র সমূহের (মাধ্যমিক /সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, উচ্চমাধ্যমিক/ সমমান/ফাজিল/ডিপ্লোমা ইন কমার্স/ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/'ও' লেভেল/ 'এ' লেভেল পরীক্ষার মূল নম্বরপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র) সত্যায়িত ফটোকপি সহ মূল সনদপত্র সংশ্লিষ্ট বিভাগের সভাপতি দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

(গ) সংশ্লিষ্ট বিভাগের সভাপতি প্রয়োজনীয় মূল সনদপত্রসমূহ পরীক্ষা করে এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংযোজিত ছবির সাথে ভর্তির মূল আবেদনপত্রে সংযুক্ত ছবি, প্রার্থীর চেহারা ও স্বাক্ষর মিলিয়ে সত্যতা নিশ্চিত হয়ে মূল ভর্তি ফরমে স্বাক্ষর করবেন।

(ঘ) ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীরা ভর্তির মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট বিভাগের সভাপতির স্বাক্ষরের পর হল প্রাধ্যক্ষের সুপারিশ নিয়ে (ছাত্রদের জন্য সাদ্দাম হোসেন হল, শহীদ জিয়াউর রহমান হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও লালন শাহ হল এবং ছাত্রীদের জন্য খালেদা জিয়া হল ও বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল) একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(ঙ) একাডেমিক শাখা ভর্তি সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যাদি (সনদপত্র সমূহ যাচাই, পে-ইন স্লিপ প্রদান ইত্যাদি) সম্পন্ন করে ছাত্র-ছাত্রীদের নামের তালিকা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করবে এবং উক্ত তালিকার কপি একাডেমিক শাখার নোটিশ বোর্ডেও দেয়া হবে। উল্লিখিত ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি ও আনুষঙ্গিক ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

(চ) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ও আনুষঙ্গিক ফি জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর ভর্তির অধিকার বাতিল বলে গণ্য হবে।

(ছ) কোন ছাত্র-ছাত্রী এ বিশ্ববিদ্যালয়ে একটি বিষয়ে ভর্তি হবার পর পরবর্তীতে অন্য কোন বিষয়ে ভর্তির সুযোগ পেলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির মাধ্যমে ১০০/= (একশত) টাকা অগ্রণী ব্যাংক, ইবি শাখায় জমা দেওয়ার রশিদসহ প্রথম ভর্তি বাতিলের দরখাস্ত উপ-রেজিস্ট্রার (শিক্ষা) বরাবর দাখিল করতে হবে। ভর্তি বাতিলের অনুমতি প্রাপ্তির পর প্রথম ভর্তির ফি ও আনুষঙ্গিক ফি, দ্বিতীয় ভর্তি ও আনুষঙ্গিক ফি-এর সাথে সমন্বয় করা হবে।

(জ) কোন কারণে এ বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিল করা হলে বা স্বেচ্ছায় কেউ ভর্তি বাতিল করলে, উভয় ক্ষেত্রেই ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত ফি বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৪। **ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার অফিস ঃ**

ইউনিট সমন্বয়কারীর অফিসের ঠিকানা একাডেমিক শাখা থেকে জেনে নিতে হবে।

১৫। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ জ্ঞাতব্য ঃ**

(ক) বিশ্ববিদ্যালয়ের অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট অনুষদের একাডেমিক অর্ডিন্যান্স দ্বারা এবং পরীক্ষাসমূহ বিশ্ববিদ্যালয়ের Examination Ordinance দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(খ) বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আচরণ ইসলামী বিশ্ববিদ্যালয় Code of Conduct of the Students -এর বিধি বিধান দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে পরবর্তীতে কোন ছাত্র-ছাত্রীর যে কোন সময় ভর্তি সংক্রান্ত যে কোন তত্ত্ব ও তথ্য (যেমন-সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্র, প্রমাণপত্র ইত্যাদি) মিথ্যা/জাল প্রমাণিত হলে তার ভর্তি তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

এছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীগণ সংশ্লিষ্ট ইউনিট, বিভাগ অথবা উপ-রেজিস্ট্রার (শিক্ষা)-এর অফিস থেকে জেনে নিতে পারবে।

বিঃদ্রঃ **ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**